



# চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম - ৪৩৪৯, বাংলাদেশ

স্মারক নং-চুয়েট/একা-২/পার্ট-১৯/৬৮

তারিখঃ ৩১/০১/২০১৯ খ্রিঃ।

## ঃ‘স্বপ্নযাত্রা’ বৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ঃ

অত্র বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে লেভেল-১ টার্ম-১ এ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেধাবী ও আর্থিকভাবে অস্বচ্ছল ছাত্র-ছাত্রীদের আর্থিক সহায়তার জন্য ‘স্বপ্নযাত্রা বৃত্তি’ প্রদানের নিমিত্তে আগ্রহী শিক্ষার্থীদের নিকট থেকে সংযুক্ত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্র ২৮/০২/২০১৯ খ্রিঃ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে একাডেমিক ও ছাত্রবৃত্তি শাখায় জমা নেওয়া হবে। আবেদন ফরম রেজিস্ট্রার অফিসের একাডেমিক ও ছাত্রবৃত্তি শাখা থেকে সংগ্রহ করা যাবে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকেও ডাউনলোড করা যাবে।

বৃত্তি সংক্রান্ত অন্যান্য তথ্য/শর্তাবলী নিম্নরূপ-

- ❖ আর্থিকভাবে অস্বচ্ছল পরিবারের শিক্ষার্থীদের জন্য ২ (দুই) টি স্বপ্নযাত্রা বৃত্তির ব্যবস্থা থাকবে।
- ❖ বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীকে প্রথম কিস্তিতে সম্পূর্ণ ভর্তি ফি, আবাসিক হলে ভর্তি ফি ও যাতায়াত, বই ও অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র ক্রয় বাবদ ২০,০০০/- হাজার টাকা প্রদান করা হবে। পরবর্তীতে এক মাস অন্তর তিন কিস্তিতে মোট ছয় মাসের জীবনযাত্রা ব্যয় বাবদ প্রতি কিস্তিতে ৬,০০০/- হাজার টাকা করে মোট ১৮,০০০/- হাজার টাকা প্রদান করা হবে।
- ❖ এই বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রী চুয়েটের ভর্তি বাতিল করতে পারবে না। ভর্তি বাতিল করতে ইচ্ছুক হলে ‘স্বপ্নযাত্রা বৃত্তি’ থেকে প্রাপ্ত সমুদয় অর্থ ফেরত দিতে হবে।

স্বাক্ষরিত

(অধ্যাপক ড. ফারুক-উজ-জামান চৌধুরী)  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-চুয়েট/একা-২/পার্ট-১৯/৬৮

তারিখঃ ৩১/০১/২০১৯ খ্রিঃ।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

- ০১। সকল ডীন ও বিভাগীয় প্রধান, চুয়েট।
- ০২। পরিচালক, ছাত্রকল্যাণ, চুয়েট।
- ০৩। পরিচালক, আইআইসিটি, চুয়েট। CUET Website-এ Upload করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে।
- ০৪। সকল হল প্রভোস্ট, চুয়েট। সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের মাঝে প্রচারের অনুরোধ সহকারে।
- ০৫। কম্পিউটার, চুয়েট। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে।
- ০৬। অত্র বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি ফলক।
- ০৭। সংরক্ষণ নথি।

সহকারী রেজিস্ট্রার  
একাডেমিক ও ছাত্র বৃত্তি শাখা  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।